# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 27 June, 2025

সাবেক প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদাকে রাজধানীর শেরেবাংলা থানার রাষ্ট্রদ্রোহ ও অন্যায় প্রভাব খাটিয়ে নির্বাচনে প্রহসনের অভিযোগে গ্রেপ্তার করে আদালত ফের চার দিনের রিমান্ড মঞ্জুর করেছেন।

শুক্রবার (২৭ জুন) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আওলাদ হোসাইন মুহাম্মদ জুনাইদ শুনানি শেষে এই আদেশ দেন।চার দিনের রিমান্ড শেষে তাকে আবারও ১০ দিনের রিমান্ডে নিতে তদন্ত কর্মকর্তার আবেদন করা হয়।মামলার তদন্ত কর্মকর্তা ও শেরেবাংলা নগর থানার উপ-পরিদর্শক শামসুজ্জোহা সরকার এ আবেদন করেন। মহানগর পাবলিক প্রসিকিউটর ওমর ফারুক ফারুকী রিমান্ডের পক্ষে শুনানি করেন, আর আসামিপক্ষের আইনজীবীরা রিমান্ড বাতিল ও জামিনের আবেদন করেন।

এর আগে ২৩ জুনও তাকে চার দিনের রিমান্ড মঞ্জুর করা হয়েছিল।

বিএনপি রাজধানীর শেরেবাংলা নগর থানায় ২২ জুন মামলা করে, যেখানে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তিন প্রধান নির্বাচন কমিশনারকে আসামি করা হয়েছে। মামলায় মোট ২৪ জনকে আসামি করা হয়েছে। বাদী হন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য মো. সালাহউদ্দিন খান।

মামলার দিনই স্থানীয় জনতা তাকে আটক করে এবং পরে উত্তরা পশ্চিম থানা পুলিশ তাকে গ্রেপ্তার করে।

কে এম নুরুল হুদা সাবেক প্রধান নির্বাচন কমিশনার রিমান্ড

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 01:53

URL: https://www.timestodaybd.com/national/3810775807